

উপজেলা সমবায় কার্যালয় , বেগমগঞ্জ নোয়াখালী এর শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটির জুলাই-সেপ্টেম্বর ২০২৩খ্রি. ত্রৈমাসের সভার কার্যবিবরণী

সভাপতিঃ জনাব স্মৃতি প্রভা নন্দী
উপজেলা সমবায় অফিসার
স্থানঃ উপজেলা সমবায় কার্যালয়
বেগমগঞ্জ , নোয়াখালী।

সভার তারিখঃ ২৭-০৯-২০২৩ খ্রি.
সময়ঃ ১১ টা।

উপস্থিত সদস্য গণের স্বাক্ষর

ক্রঃ নং	সদস্যগণের নাম ও পদবী	কমিটিতে পদবী	স্বাক্ষর
০১	জনাব স্মৃতি প্রভা নন্দী উপজেলা সমবায় অফিসার বেগমগঞ্জ, নোয়াখালী।	আহ্বায়ক	
০২	সুদেব কুমার রায় সহকারী পরিদর্শক উপজেলা সমবায় কার্যালয় বেগমগঞ্জ, নোয়াখালী।	সদস্য	
০৩	সুজন চন্দ্র মজুমদার সহকারী পরিদর্শক উপজেলা সমবায় কার্যালয় বেগমগঞ্জ, নোয়াখালী	সদস্য সচিব ও ফোকাল পয়েন্ট	

অদ্যকার সভায় জনাব স্মৃতি প্রভা নন্দী , উপজেলা সমবায় অফিসার , বেগমগঞ্জ, নোয়াখালী ও সভাপতি শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি এর সভাপতিত্বে সভা শুরু হয়। সভায় শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটির উপস্থিত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন এবং সদস্য সচিব কে শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন কর্মপরিকল্পনার কার্যক্রম অনুযায়ী সভা পরিচালনার জন্য আহ্বান জানান।

সভায় সদস্য সচিব শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন ২০২৩-২০২৪ এর কার্যক্রমসমূহ সভায় নিম্নোক্তভাবে উপস্থাপন করেন।

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত গ্রহণ	বাস্তবায়নে
১.১ নৈতিকতা কমিটি সভা আয়োজন	আলোচ্য বর্ষে নৈতিকতা কমিটির ০৪ টি সভা আয়োজন করতে হবে। সে প্রেক্ষিতে উপজেলার নৈতিকতা কমিটির সদস্য সচিব এ কার্যালয়ের সহকারী পরিদর্শক জনাব সুজন চন্দ্র মজুমদার,সাহেবকে লক্ষ্যমাত্র অনুযায়ী সভা আয়োজন করার জন্য অনুরোধ জানানোর	লক্ষ্যমাত্র অনুযায়ী সভা আয়োজন করার জন্য সিদ্ধান্ত গৃহীত ও অনুমোদিত হয়।	শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি
১.২ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা	জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনায় ২য় ও ৩য় কোয়ার্টারে ১টি করে মোট ২টি সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের(stakeholders) অংশগ্রহণের সভা আয়োজনের বাধ্যতাকতা রয়েছে মর্মে সদস্য সচিব জানা	সদস্যগণের (stakeholders)গণের সমন্বয়ে সমবায় সমিতি সমূহের সদস্যগণের(stakeholders) সমন্বয়ে সমবায় সমিতি সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশজনের (stakeholders)অংশগ্রহণে অবহিতকরন সভা আয়োজনের জন্য ফোকাল পয়েন্টকে অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহীত ও অনুমোদিত হয়।	শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি
১.৩ শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ/ মতবিনিময় সভার আয়োজন	আলোচ্য বর্ষে শুদ্ধাচার সংক্রান্ত ২ টি প্রশিক্ষণের আয়োজন করতে হবে। এ প্রেক্ষিতে অত্র উপজেলাধীন কর্মকর্তা/কর্মচারীদের দক্ষতা বৃদ্ধি এবং শুদ্ধাচার প্রতিষ্ঠার লক্ষে প্রশিক্ষণ আয়োজনের জন্য সদস্য ও ফোকাল পয়েন্ট	লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রশিক্ষণের আয়োজন করা হবে বলে ফোকাল পয়েন্ট জানান	শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি

	এর প্রতি আহ্বান করা হয়।		
১.৪ কর্ম-পরিবেশ উন্নয়ন: পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি/ ৪র্থ শ্রেণির কর্মচারীদের দাপ্তরিক পোষাক সরবরাহ ও পরিধান নিশ্চিত করা	আলোচ্য বর্ষে অফিস কক্ষ, অফিস আঙ্গিনা এবং টয়লেট/ ওয়াশরুম পরিষ্কার-পরিচ্ছন্ন করা হয়। এবং ৪র্থ শ্রেণির কর্মচারীদের দাপ্তরিক পোষাক সরবরাহ করা হয়েছে। এ সংক্রান্ত উপজেলা কমিটির দৃষ্টি আকর্ষণপূর্বক ফোকাল পয়েন্টকে অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহীত ও অনুমোদিত হয়। এছাড়া আলোচ্য বর্ষে ৩১.১২.২০২৩ তারিখের মধ্যে উপজেলার কর্ম-পরিবেশ উন্নয়ন পরিষ্কার পরিচ্ছন্নতা বৃদ্ধি সংক্রান্ত বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ প্রয়োজন।	এ সংক্রান্ত বিষয়ে বিস্তারিত আলোচনার পর নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়। ১) সকল কর্মকর্তা ও কর্মচারীগণকে প্রতিদিন রুচিসম্মত পোষাক পরিধান করে অফিসে আসতে হবে। ২) স্ব-স্ব অফিস কক্ষ পরিষ্কার পরিচ্ছন্ন রাখার উপর গুরুত্বরূপ করতে হবে ৩) যথাসময়ে অফিসে হাজিরা নিশ্চিত করতে হবে। ৪) যার যার উপর ন্যস্ত অর্পিত দায়িত্ব সুষ্ঠুভাবে পালন করতে হবে। ৫) নির্ধারিত কাজ নির্ধারিত সময়ে দ্রুত সম্পন্ন করতে হবে। ৬) অফিসে ব্যবহৃত টয়লেটে নিয়মিতভাবে ধৌত করতে হবে। ৭) অফিসের প্রতিটি টয়লেটে হ্যান্ডওয়াশের ব্যবস্থা করতে হবে। ৮) প্রতিদিন অফিসে উপস্থিতির পরপরই হাত জীবাণুমুক্তকরণের জন্য বেসিনের পাশে রক্ষিত হ্যান্ডওয়াশ দ্বারা ধৌত করতে হবে।	শুধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি
২.১ ২০২৩-২৪ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ	আলোচ্য বর্ষে ৩১/০৭/২০২৩ তারিখের মধ্যে ২০২৩-২০২৪ অর্থবছরের উপজেলার ক্রয় পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ করতে হবে। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থাগ্রহণের জন্য এ কার্যালয়ের সহকারী পরিদর্শক জনাব সুজন চন্দ্র মজুমদার কে আহ্বান করা হয়।	জনাব সুজন চন্দ্র মজুমদার সাহেব জানান উপজেলার ওয়েবসাইটে ক্রয়-পরিকল্পনা বিগত ২-৭-২০২৩ খ্রি. তারিখে প্রকাশ করা হয়েছে।	বাস্তবায়িত
৩.১ সেবা প্রদানের ক্ষেত্রে রেজিষ্টারে প্রদেয় সেবার বিবরণ ও সেবা গ্রহীতার মতামত সংরক্ষণ	আলোচ্য বর্ষে এ উপজেলা হতে সেবা গ্রহীতাদের (নাগরিক ও অভ্যন্তরীণ সেবা) যে সকল সেবা প্রদান করা হয় তার শতভাগ সেবা প্রদানের তথ্যাদি সেবা প্রদান রেজিষ্টারে লিপিবদ্ধ পূর্বক সেবা গ্রহীতার মতামত সংরক্ষণের জন্য বাধ্যবাধকতা রয়েছে।	শুধাচার কর্মপরিকল্পনা সেবা প্রদানের ক্ষেত্রে উপজেলার সকল সেবা প্রদানকারী কে (ডেপুটি কর্মকর্তা) অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহীত ও অনুমোদিত হয়।	শুধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি

সভায় অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


 স্মৃতি প্রভা নর্দী
 উপজেলা সমবায় কর্মকর্তা
 বেগমগঞ্জ, নোয়াখালী